১৬/১০/২০০৩

ভোরের কাগজ

তারিখ ...............
পৃষ্ঠা ৪-২ কলাম ৭......

# মধ্যরাতে তোলারাম কলেজে তাণ্ডব, নৈশ প্রহরীকে ছুরিকাঘাত, ৪ কক্ষ ভাঙচুর

**নারায়ণগঞ্জ প্রতিনিধি :** মঙ্গলবার মধ্যরাতে একদল সন্ত্রাসী হামলা চালিয়েছে সরকারি তোলারাম কলেজে। সন্ত্রাসীদের দেড়ঘণ্টাব্যাপী তাণ্ডবে কলেজের ৪টি রুম তছনছ হয়। এলোপাতাড়ি দায়ের কোপে আহত দুদু মিয়াকে (৩০) আশঙ্কাজনক অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। কারা এবং কি কারণে এই হামলা চালিয়েছে এ সম্পর্কে পুলিশ নিশ্চিত হতে পারেনি।

পুলিশ ও কলেজ সূত্র জানিয়েছে মঙ্গলবার দিবাগত রাত দেড়টায় ১৫/২০ জন সশস্ত্র সন্ত্রাসী দেয়াল টপকে সরকারি তোলারাম কলেজের ভেতরে ঢোকে। তাদের পরনে ছিল কালো প্যান্ট, কালো গেঞ্জি ও মুখে ছিল কালি মাখা। কলেজের প্রিন্সিপালের রুমের সামনে নৈশপ্রহরী আবুল বাশার (৩০) ও রিকশাচালক দুদু মিয়া (৩০) শুয়েছিল। দুদু মিয়া কলেজের এক কর্মচারীর আত্মীয়। সন্ত্রাসীরা প্রথমেই নৈশপ্রহরী আবুল বাশারের হাত, পা বেঁধে মুখে কাপড় গুঁজে বাথরুমের সামনে ফেলে রাখে। এ সময় ভয়ে দুদু মিয়া পালানোর চেষ্টা করলে সন্ত্রাসীরা তাকে বুকে ও পিঠে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কোপায়। সন্ত্রাসীরা তালা ভেঙে প্রিন্সিপাল, ভাইস প্রিন্সিপাল, অফিস রুম ও হিসাব বিজ্ঞান বিভাগের ভেতরে ঢুকে। সন্ত্রাসীরা ঐ ৭টি রুমের ১২টি আলমারির তালা ভেঙে কাগজপত্র তছনছ করে। ধারণা করা হচ্ছে কোনো কাগজ নেওয়ার জন্য সন্ত্রাসীরা এই হামলা চালায়। সন্ত্রাসীদের দায়ের কোপে আহত দুদু মিয়াকে (৩০) আশঙ্কাজনক অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সরকারি তোলারাম কলেজের অধ্যক্ষ প্রফেসর গৌরাঙ্গ প্রসাদ সাহা বলেছেন, কোনো কাগজপত্র খোয়া গেছে কিনা এ সম্পর্কে তারা এখনো নিশ্চিত হতে পারেননি। এ ব্যাপারে নারায়ণগঞ্জ থানায় মামলা হয়েছে।

ঘটনার প্রতিবাদে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট গতকাল বুধবার সকালে মিছিল ও সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তারা ঘটনার সঙ্গে জড়িতদের খুঁজে বের করার দাবি জানান।

এদিকে অফিস চলাকালে নারায়ণগঞ্জ প্রধান ডাকঘরে মিটিঙে বাধা দেওয়ায় বিএনপি সন্ত্রাসীরা সহকারী পোস্টমাস্টার জেনারেল শফিউল আলম তালুকদারকে গুলি করে হত্যার হুমকি দিয়েছে। এ ব্যাপারে বুধবার শফিউল আলম তালুকদার বাদী হয়ে নারায়ণগঞ্জ থানায় জিডি করেছেন।

জানা গেছে, মঙ্গলবার দুপুরে প্রধান ডাকঘরে পোস্টম্যান ও নিম্ন বেতনভোগী কর্মচারী ইউনিয়ন অফিসে মিটিঙের আয়োজন করে। সহকারী পোস্ট মাস্টার জেনারেল অফিস চলাকালে এ ধরনের মিটিং আয়োজনে বাধা দেন। এতে ক্ষুব্ধ হয়ে কর্মচারী ইউনিয়ন নেতা জুলহাস মিয়া ও আবুল হাসেমের নেতৃত্বে বিএনপি সন্ত্রাসীরা সহকারী পোস্ট মাস্টার জেনারেল শফিউল আলম তালুকদারের রুমে হামলা চালায়, তাকে লাঞ্ছিত করে ও প্রাণনাশের হুমকি দেয়।

অফিসের কর্মচারীরা জানিয়েছেন, জুলহাস মিয়া ও আবুল হাসেম আগে আওয়ামী লীগ সমর্থক ছিল। সরকার বদলের পর তারা বিএনপির লোকজন নিয়ে সভার আয়োজন করে।

বিনে পয়সায় ২ কার্টন বেনসন সিগারেট না দেওয়া সন্ত্রাসীদের হামলায় পানের দোকানদার কবীর (৩৫) গুরুতর আহত হয়েছে। এ ঘটনা ঘটেছে গতকাল বুধবার সকালে শহরের পশ্চিম তল্লা এলাকায়।

পুলিশ জানিয়েছে, সন্ত্রাসীরা পান ও সিগারেটের দোকানদার কবীরের কাছে ২ কার্টন বেনসন সিগারেট বিনে পয়সায় দাবি করে। সিগারেট না দেওয়ায় স্থানীয় বিএনপি সন্ত্রাসী সুজনের নেতৃত্বে একদল সন্ত্রাসী তাকে চাপাতি দিয়ে এলোপাতাড়ি কোপায়।